



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/২২৩৩/১৭নথি নং-সাতক্ষীরা-৪৮

তারিখঃ ১৪/০১/২০১৯খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশান নং- ৯৪৭৩/২০১৮-এ প্রদত্ত আদেশ মোতাবেক, ১৬/০৭/২০১৮ ইং তারিখে দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলাধীন কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মোঃ অহিদুল ইসলাম তার চাকুরি ফেরৎ পাওয়ার জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশান নং- ৯৪৭৩/২০১৮ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট কর্তৃক ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনের বিষয়টি বোর্ড কর্তৃক নিষ্পত্তি করার জন্য আদেশ দেন বিধায় বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২২২২/৫ নথি নং-সাতক্ষীরা-৪৮; তারিখঃ ২৫/১১/২০১৮খ্রিঃ দ্বারা মাদ্রাসার (১) ম্যানেজিং কমিটির সভাপতি, (২) সুপার, এবং (৩) মোঃ অহিদুল ইসলাম, সহকারী শিক্ষক (কম্পিউটার) কে ০৩/১২/১৮ খ্রিঃ তারিখে শুনানীতে অংশগ্রহণ করার জন্য পত্র দেওয়া হয়। পত্র মোতাবেক অত্র বোর্ডে ০৩/১২/২০১৮ খ্রিঃ রোজ সোমবার মাদ্রাসার সুপার জনাব মোঃ শওকত হোসেন, মোঃ অহিদুল ইসলাম শুনানীতে অংশগ্রহণ করলেও সভাপতি শুনানীতে অংশ গ্রহণ করেননি। সুপার ও অভিযোগকারী শুনানীতে অংশ গ্রহণ করে স্ব স্ব দাবির পক্ষে বক্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করেন।

১। শুনানীতে সুপার বলেন, মোঃ অহিদুল ইসলাম উক্ত মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) থাকা কালীন একাধিকবার ছাত্রীদের সাথে অপ্ৰীতিকর কার্য করায় তাকে কারন দর্শানো হয় এবং স্থানীয় পত্রিকায় ঘটনাটি প্রকাশ পায়। তিনি নিজেই পদত্যাগ পত্র দাখিল করেন। ফলে পরবর্তীতে উক্ত পদে নতুন লোক নিয়োগ দেয়া হয়।

২। শুনানীতে বাদী মোঃ অহিদুল ইসলাম বলেন যে, সুপার জনাব মোঃ শওকত হোসেন শত্রুতামূলকভাবে তার পদত্যাগ পত্র তৈরী করেন। তিনি পদত্যাগ পত্র মাদ্রাসায় জমা দেননি। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক ৩-৬-২০১২ ইং তারিখে তাকে অব্যাহতি পত্র প্রদান করেন। তিনি ১৮-৮-২০১২ ইং তারিখ সহকারী জজ আদালত কালীগঞ্জ-এ দেওয়ানী মামলা নং ১৫৭/১২ দায়ের করেন। উক্ত মামলায় রায়ের বিরুদ্ধে আপিল নং- ৭৮/২০১৫ দায়ের করা হয় যাতে প্রদত্ত রায়ের বিরুদ্ধে সিভিল রিভিশন নং- ২৯৪৮/২০১৮ দায়ের করা হলে মহামান্য হাইকোর্ট বিভাগ রুল জারি করেন। বর্তমানে উহা বিচারাধীন আছে। মামলা চলাকালীন সময়ে মাদ্রাসা কর্তৃক ১৮-১২-২০১২ ইং তারিখে মোটা অংকের টাকার বিনিময়ে জনৈক জুলেখা খাতুনকে উক্ত পদে নিয়োগ প্রদান করে। বিগত ২৮/১২/২০১৩ ইং তারিখে জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে কম্পিউটার নিবন্ধন সনদ জাল বলিয়া প্রমাণিত হয়। পরবর্তীতে নিবন্ধন পরীক্ষা সম্পন্ন করে বিগত ১৬/০১/২০১৪ ইং তারিখে জুলেখা বেগম বিগত ১১/১/২০১৪ ইং শিক্ষক প্রতিনিধি হিসাবে নিয়োগ বোর্ড গঠনে উপস্থিত থেকে নিজেই প্রার্থী হয়ে অবৈধভাবে কম্পিউটার শিক্ষক পদে নিয়োগ প্রাপ্ত হন।

৩। শুনানীকালে মাদ্রাসার সুপারকে জনাব মোঃ অহিদুল ইসলামের পদত্যাগ পত্রের মূল কপি প্রদর্শন করতে বলা হলে তিনি জানান যে তার নিকট পদত্যাগ পত্রের মূল কপি নেই ও পদত্যাগ পত্র না থাকার বিষয়ে কোন সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করতে পারেন নাই। জনাব মোঃ অহিদুল ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ উত্থাপন করা হলেও শুনানীকালে অভিযোগের বিষয়ে কোন দালিলিক প্রমাণ উপস্থাপন করতে পারেন নাই। উপস্থাপিত রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায়, মামলা চলমান থাকা অবস্থায় জুলেখা খাতুনকে কম্পিউটার শিক্ষক পদে নিয়োগ প্রদান, প্রথমবার নিয়োগের পর নিবন্ধন সনদ জাল প্রমানিত হওয়া এবং নিয়োগ বোর্ডে শিক্ষক প্রতিনিধি হিসেবে উপস্থিত থেকে নিজের নিয়োগে স্বাক্ষর করা বিধি সন্মত হয়নি।

৪। বর্ণিত অবস্থায় জনাব মোঃ অহিদুল ইসলামের দরখাস্ত, তাং ১৬/০৭/২০১৮ বিষয়ে নিম্নরূপভাবে নিষ্পত্তি করা হলো :

জনাব মোঃ অহিদুল ইসলাম-এর কথিত পদত্যাগ পত্রের ধারাবাহিকতায় উক্ত বিষয় সংক্রান্ত মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়ায় ও মামলা চলমান থাকা অবস্থায় ১৮-১২-২০১২ ইং তারিখে জনৈক জুলেখা খাতুনকে নিয়োগ ও পুনরায় তাকে ১১/০১/২০১৪ ইং তারিখে নিয়োগ বেআইনী ও বিধি বর্হিত হওয়ায় তাকে (জুলেখা খাতুনকে) কম্পিউটার শিক্ষক পদে দায়িত্ব পালন থেকে বিরত রাখার জন্য কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হলো এবং জনাব মোঃ অহিদুল ইসলাম এর চাকুরীর বিষয়ে মাননীয় হাইকোর্টে বিচারাধীন সিভিল রিভিশন নং- ২৯৪৮/২০১৮ এর মাধ্যমে সুরাহা করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালীগঞ্জ, সাতক্ষীরা।

২) সুপার, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালীগঞ্জ, সাতক্ষীরা।

৩) মোঃ অহিদুল ইসলাম, কাজলা, কালীগঞ্জ, সাতক্ষীরা।

নং- বামাশিবো/প্রশাসন/২২৩৩/১৭নথি নং-সাতক্ষীরা-৪৮

তারিখঃ ১৪/০১/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, সাতক্ষীরা।
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪